

তথ্য প্রযুক্তির মাধ্যমে নিউরো ডেভেলপমেন্টাল ডিজঅর্ডারসহ সব ধরনের প্রতিবন্ধী ব্যক্তির ক্ষমতায়ন প্রকল্প



বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

ফোনঃ ৮৮০-২-৫৫০০৬৮৮ ফ্যাক্স: ৮৮০-২-৫৫০০৬৮৮৭, ই-মেইল: [pdepwdict@bcc.gov.bd](mailto:pdepwdict@bcc.gov.bd) Web: [www.bcc.gov.bd](http://www.bcc.gov.bd)

## প্রতিবন্ধী ব্যক্তিদের ‘চাকুরী মেলা ২০১৮’ এর প্রতিবেদন

বর্তমান সরকার ২০০৯ সন হতে রূপকল্প ২০২১: ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে নিরলসভাবে কাজ করে চলেছে। সরকারের এ প্রতিশ্রুতি বাস্তবায়নের ফলস্বরূপ এখন দেখা যায় যে, দেশের আর্থ-সামাজিক খাতসমূহে ব্যাপকভাবে কম্পিউটার ও ডিজিটাল প্রযুক্তির ব্যবহার হচ্ছে। আরও লক্ষণীয় যে, সরকারের ইতিবাচক নীতিমালা ও পদক্ষেপের কারণে সমাজের অপেক্ষাকৃত অনগ্রসর জনগোষ্ঠীর হাতেও ডিজিটাল প্রযুক্তির সুবিধা পৌঁছে গেছে। সমাজের মূল স্রোতের সমপর্যায় ডিজিটাল প্রযুক্তির মাধ্যমে অনগ্রসর জনগোষ্ঠীর অবস্থান উন্নীতকরণে আইসিটি বিভাগ অত্যন্ত সচেষ্ট। এর অংশ হিসেবে আইসিটি বিভাগ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের মাধ্যমে বিনা ফিতে প্রতিবন্ধী ব্যক্তিদের আইসিটি প্রশিক্ষণ পরিচালনা করে। এর পাশাপাশি আইসিটিতে দক্ষতা সম্পন্ন প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির জন্য ২০১৫ সন হতে চাকুরী মেলার আয়োজন করা হচ্ছে।

২০১৮ সালের ১লা জানুয়ারী, সোমবার আইসিটি টাওয়ার (২য় তলা), আগারগাঁও ঢাকায় সকাল ৯:৩০ থেকে বিকাল ৪:৩০ পর্যন্ত অনুষ্ঠিত এ মেলার উদ্বোধন করেন তথ্য যোগাযোগ ও প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক, এমপি এবং আইসিটি বিভাগের সচিব জনাব সুবীর কিশোর চৌধুরী, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের নির্বাহী পরিচালক জনাব স্বপন কুমার সরকার।

প্রধান অতিথির বক্তব্যে মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক বলেন, দেশের ১.৬ কোটি ব্যক্তিকে প্রতিবন্ধীতার অজুহাতে সুবিধা বঞ্চিত করে রাখি তাহলে এই বিপুল জনগোষ্ঠীর লালন-পালনের যাবতীয় ব্যয় অন্যদের আয় থেকে নির্বাহ করতে হবে; দেশ ১.৬ কোটি কর্মীর সেবা থেকে বঞ্চিত হবে অথচ এ জনগোষ্ঠীর সক্ষমতা উন্নয়নে সমান্য কিছু অর্থ ব্যয় করলে দেশের মোট শ্রম শক্তি বিপুল পরিমাণে বেড়ে যাবে আর এ লক্ষে সামনে রেখে আমরা আইসিটি বিভাগ প্রতিবন্ধীতা সম্পন্ন ব্যক্তিদের আইসিটি সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে দেশের সমৃদ্ধি ও অগ্রগতি নিশ্চিত করতে চাই এ জন্যেই আমরা “তথ্য প্রযুক্তির মাধ্যমে নিউরো ডেভেলপমেন্টাল ডিজঅর্ডারসহ সব ধরনের প্রতিবন্ধী ব্যক্তির ক্ষমতায়ন” প্রকল্প গ্রহণ করেছি।

চাকুরী মেলার এটি চতুর্থ বছর এবারে অন্যান্য বছরের তুলনায় চাকুরী প্রার্থীর সংখ্যা বেড়েছে অত্যন্ত আশার কথা যে চাকুরীদাতা প্রতিনিধিও বেড়েছে। আপনাদের এ মহতী প্রচেষ্টাকে সম্মানিত করতে এ বছর থেকে আমরা শীর্ষ চাকুরীদাতা তিনটি প্রতিষ্ঠানকে ফ্রেস্ট প্রদান করতে যাচ্ছি।

তিনি আরো বলেন, বিশেষভাবে সক্ষম ভাই-বোনদের বলবো তাঁরা যেন নিষ্ঠুর সাথে তথ্য প্রযুক্তি দক্ষতা অর্জন করেন। কারণ তথ্য প্রযুক্তির কর্মসংস্থানের ক্ষেত্রটি এ দেশে অত্যন্ত সম্ভাবনাময় এবং এ ক্ষেত্রের জন্য আইসিটি

বিভাগ আপনাদের সহায়তা করতে প্রস্তুত রয়েছে। আর সবার প্রতি অনুরোধ যে প্রচলিত দৃষ্টিভঙ্গি ও প্রবনতার পরিবর্তন ঘটাতে হবে।

### অংশগ্রহণকারী চাকুরীদাতা প্রতিষ্ঠান:

রাজধানীর বাইরে বিভিন্ন জেলা থেকে তথ্য প্রযুক্তিতে প্রশিক্ষণ প্রাপ্ত দুই শতাধিক প্রতিবন্ধী ব্যক্তিসহ এ চাকুরী মেলায় তিন শতাধিক প্রতিবন্ধী ব্যক্তি অংশগ্রহণ করেন। দেশের প্রথিতযশা ট্রেডবডি যেমন বেসিস, BACCO, BKMEA, FBCCI, CCOAB সহ ১৭টি প্রতিষ্ঠান তথ্য প্রযুক্তিতে প্রশিক্ষিত প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মসংস্থানের সুযোগ করে দিতে এ মেলায় অংশগ্রহণ করে। উল্লেখ্য, আইসিটি বিভাগ প্রতিবছর জানুয়ারী মাসে এ মেলার আয়োজন করে থাকে।

### মেলায় আগত চাকুরী প্রার্থী:

প্রতিবন্ধীদের জন্য আয়োজিত এ চাকুরী মেলায় সারাদেশে থেকে প্রায় ৫০০ জন চাকুরীপ্রার্থী প্রতিবন্ধী ব্যক্তি অংশগ্রহণ করেন এবং অংশগ্রহণকারী চাকুরীদাতা প্রতিষ্ঠানদের নিকট চাকুরী প্রার্থীরা তাদের জীবন বৃত্তান্ত এবং সাক্ষাতকার দেন। শেষে মোট ১৭৬ জন প্রতিবন্ধী ব্যক্তির চাকুরী প্রাপ্তির নিশ্চয়তা পাওয়া যায়। উল্লেখ্য, এবারের মেলায় প্রথমবারের মতো ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিসিসি'র আঞ্চলিক কার্যায়ের আগত চাকুরী প্রার্থীদের সাথে সরাসরি সাক্ষাতকার গ্রহণ করা হয়।

### প্রতিবন্ধী ব্যক্তিদের -চাকুরী মেলা ২০১৮ এর কিছু ছবিঃ



ক্যাপশন-১ প্রতিবন্ধী ব্যক্তিদের-চাকুরী মেলা ২০১৮ এর উদ্বোধন করেন তথ্য যোগাযোগ ও প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক, এমপি।



ক্যাপশন-২ প্রতিবন্ধী ব্যক্তিদের-চাকুরী মেলা ২০১৮ উপলক্ষে বক্তব্য রাখছেন তথ্য যোগাযোগ ও প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী জনাব জুনাইদ আহমেদ পলক, এম.পি।



ক্যাপশন-২ তথ্য যোগাযোগ ও প্রযুক্তি বিভাগের মাননীয় প্রতিমন্ত্রীর কাছ থেকে ক্রেস্ট গ্রহণ করছেন মাই আউটসোর্সিং লিমিটেড এর প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব তাজ্জিরুল বাশার। এবং ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে সাক্ষাতকার।